

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।

(www.moulvibazarsadar.moulvibazar.gov.bd)

স্মারক নম্বর:-০৫.৪৬.৫৮৭৪.০০৬.০০২.১৯-২৯৮

তারিখ: ১২ আগস্ট ২০২০ খ্রি.

### উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স দোকান ভাড়ার বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৌলভীবাজার জেলার মৌলভীবাজার সদর উপজেলার মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে ১ম ও ২য় তলার কক্ষসমূহ দোকান হিসেবে ভাড়া দেওয়ার নিমিত্তে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

০১	আবেদন ফরম বিতরণের তারিখ	১৬/০৮/২০২০ খ্রি. হতে ২০/০৮/২০২০ খ্রি. পর্যন্ত (অফিস চলাকালীন সময়ে)
০২	আবেদন ফরম জমাদানের তারিখ ও সময়	২৩/০৮/২০২০ খ্রি. (বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত)
০৩	আবেদন ফরম জমাদানের স্থান	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে নির্ধারিত বক্সে
০৪	আবেদন ফরম জমাকৃত বাক্স খোলার তারিখ ও সময়	২৪/০৮/২০২০ খ্রি. (দুপুর ১২.০০ ঘটিকা)
০৫	দোকান ভাড়ার সময়সীমা	বরাদ্দের তারিখ হতে ০১(এক) বছর
০৬	দোকান ভাড়ার পরিমাণ ও জামানত	নীচতলার দোকান প্রতি ভাড়া ৩০০০/- টাকা এবং ২য় তলার দোকান প্রতি ভাড়া ২৫০০/- জামানত নীচতলার দোকান প্রতি -৫০,০০০/- জামানত ২য় তলার দোকান প্রতি -৩০,০০০/-
০৭	আবেদনপত্রের মূল্য	৫০০/-টাকা (অফেরৎযোগ্য)

বিশেষ সুবিধাদি : সার্বক্ষণিক বিদ্যুৎ, পানি , জেনারেটরের সুবিধা ও সার্বক্ষণিক নিরাপত্তার সুব্যবস্থা।

### শর্তাবলী :

- ০১। আবেদনপত্রের সাথে এক কপি ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি এবং ট্রেড লাইসেন্স এর ফটোকপি জমা দিতে হবে।
- ০২। আবেদনপত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার ও আহ্বায়ক, উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ব্যবহার কমিটি, মৌলভীবাজার সদর বরাবর যেকোন তফসিলী ব্যাংক হতে ৫০০০/- (পাঁচ হাজার) টাকার পে-অর্ডার সংযুক্ত করতে হবে।
- ০৩। প্রতি বছর কর্তৃপক্ষ ভাড়া ও জামানত পুনঃনির্ধারণ করবেন।
- ০৪। বরাদ্দকৃত দোকানে অনৈতিক আইন বিরোধী, রাষ্ট্রবিরোধী ও মুক্তিযুদ্ধ বিরোধী কার্যক্রম করা যাবে না।
- ০৫। স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ বিরোধী ব্যক্তি/পরিবারের কেউ দোকান ভাড়া নিতে পাবেনা।
- ০৬। নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে সরবরাহকৃত নির্দিষ্ট ফরমে আবেদন করতে হবে।
- ০৭। কর্তৃপক্ষ যে কোন সিদ্ধান্ত পরিবর্তন, সংশোধন করতে পারেন।
- ০৮। আবেদনের শর্তপূরণ ভুল হলে তা বাতিল বলে গণ্য হবে।
- ০৯। নির্ধারিত তারিখের পরে কোন আবেদন দাখিল করা যাবে না।
- ১০। প্রতিটি দোকানের বিপরীতে সর্বোচ্চ দাখিলকৃত ভাড়া প্রদানকারী অনুকূলে দোকান বরাদ্দ দেওয়া হবে।
- ১১। প্রতিটি দোকানের বিপরীতে নির্ধারিত ভাড়া ও জামানতের পরিমাণ কম উল্লেখ করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১২। একই দোকানের জন্য সর্বোচ্চ দরদাতার দাখিলকৃত দর একাধিক হলে লটারীর মাধ্যমে নির্বাচন করা হবে।
- ১৩। পর পর তিন মাস দোকান ভাড়া পরিশোধ করতে ব্যর্থ হলে কোন কারণ দর্শানো ছাড়া বরাদ্দ বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাজেয়াপ্ত করা হবে।
- ১৪। বিদ্যুৎ বিল দোকান গ্রহীতাদের নিজে পরিশোধ করতে হবে। জেনারেটর বিল ও পানির বিল আলোচনা স্বাপেক্ষে নির্ধারণ করা হবে।

(শরিফুল ইসলাম)

উপজেলা নির্বাহী অফিসার

ও

আহ্বায়ক

উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন পরিচালনা ও ব্যবস্থাপনা কমিটি  
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।

ফোন-০৮৬১-৬৩৭৫৪

E-mail : [unomoulvibazar@mopa.gov.bd](mailto:unomoulvibazar@mopa.gov.bd)